

জেগে ওঠো

মাহমুদা রশ্মি

বিহংগ বেহাগে জেগে ওঠো মানব,
সময়ের সমন্বয়ে সম্যক সম্বিতে ।
বিমূর্ত বিস্ময়ে বিদ্বন্ধ আশ্বাসে ।
অযুত নিযুত নিরন্তর বিশ্বাসে ।
ঠিক তেমনটি পূন্য-পূর্নতায়,
জন্মের প্রথম প্রদীপ্ত প্রভায় ।

জনতার অরন্য হোতে
তুলে নাও নির্জনতা,
মর্তের মূর্তমান বিমূর্ত
প্রাণে প্রাণে জাগো, জাগাও,
বরেন্য মহানুভবতা ।
দিগন্তের নীলিমার নীলে -
লীন হোয়ে যাক মানবিক দৈন্যতা —
জাগরণের জয়গানে দলিত হোক
বিবেকের মৌনতা ।

ওহে সুন্দর তব দৃষ্টির
গভীর সমুদ্র মস্থন কর,
শুভ-উত্তম শুভাকাংখিত অন্তদৃষ্টির
জ্ঞানালোকে প্রজ্জ্বালিত কর ।
উন্মিলিত উজ্জ্বলিত বহুগুন ধারায় —
অবক্ষয়ের বক্ষভেদ করো ।

বরেন্য প্রেম দাও, দাও অভেদ্য প্রীতি,
প্রকৃতির প্রাকৃত সৌর্য্যে দাও —
আশা-আলোকময় অরোধ্য গতি ।

বিহংগ বেহাগে জেগে ওঠো মানব ।
জাগাও প্রনতি —
পূব দিগন্তে ওঠা লাল সূর্যকে ।
লও সবুজ প্রান্তরের বিস্তৃত মিনতি ।

বিহংগ বেহাগে জেগে ওঠো মানব ।
জন্মের ঋণ শোধ হোক —
চেতনার পৌনপৌনিক জাগরণে ॥ ॥